যায়যায়দিন

তারিখ JUN. 13 2008
পৃষ্ঠা ১০ কলাম ২

# মানুষ গড়ার কারিগররাই গড়তে পারছেন না নিজেদের

মৌলভীবাজার প্রতিনিধি

মাত্র চারজন প্রশিক্ষক প্রশিক্ষণ দিচ্ছেন চারশ' প্রশিক্ষণার্থীকে। প্রশিক্ষকের আটটি পদই দীর্ঘদিন থেকে শূন্য। দীর্ঘ সাড়ে চার বছর ধরে এ অবস্থা চলছে মৌলভীবাজার টিচার্স ট্রেনিং ইন্সটিটিউটে। আবাসন সংকট, লাইব্রেরির সমস্যাও রয়েছে।

সংশ্লিষ্ট সূত্র মতে, মৌলভীবাজার পিটিআই-এ বর্তমানে চারশ' প্রশিক্ষণার্থী রয়েছেন। গত সাড়ে চার বছর ধরে মৌলভীবাজার পিটিআই-এ ১২ জন প্রশিক্ষকের পদের বিপরীতে মাত্র চারজন প্রশিক্ষক কর্মরত আছেন। বাকি আটটি পদই শূন্য।

এর মধ্যে ধর্ম, শরীরচর্চা, স্বাস্থ্য ও পুষ্টি এবং বিজ্ঞান বিষয়ে কোনো প্রশিক্ষক নেই। এতে স্বাভাবিকভাবে পাঠদান ব্যাহত হচ্ছে। তাছাড়া এ প্রশিক্ষকদেরই আবার বিভিন্ন বিদ্যালয়ের ক্লাস পরিদর্শন, উপজেলাভিত্তিক প্রশিক্ষণ দেয়া, মূল্যায়ন কাজও করতে হয়। ফলে ক্লাস নেয়ার তেমন সুযোগও পান না তারা। এতে করে প্রশিক্ষণের মূল উদ্দেশ্য দক্ষ শিক্ষক
তৈরির উদ্যোগ ভেস্তে গেলেও কো
শেষে সনদ পেতে কারো অসুবিধা হয় না
এদিকে এ প্রতিষ্ঠানের লাইব্রেরি নি
রয়েছে নানা অভিযোগ। অনে
প্রশিক্ষণার্থী অভিযোগ করেছে
সময়মতো লাইব্রেরি খোলা হয় না। ফ
তারা প্রয়োজনীয় বই সংগ্রহ করতে পারে
না। এ ব্যাপারে নাম প্রকাশ না করার শ
এক প্রশিক্ষক এসব অভিযোগের সত্য
স্বীকার করেছেন।

জানা যায়, চারশ' প্রশিক্ষণার্থীর মধ্যে দু
জনের জন্য যে হস্টেল সুবিধা আছে তা
১৪৪ জন থাকতে পারেন। প্রায় স
প্রশিক্ষণার্থীই দূরদূরান্ত থেকে প্রশিক্ষ
নিতে আসেন বলে আবাসন সমস্যা
এখানে প্রকট। এ বিষয়ে প্রতিষ্ঠানে
সুপারিনটেনডেন্ট রকিব উদ্দিন বলে
প্রশিক্ষক চারজন না কয়জন আছে সে
আমার ডিপার্টমেন্ট দেখবে। তিনি অস
এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি ছা
কোনো কথা বলতে পারবেন না ব
জানান। চারজন প্রশিক্ষক কর্মরত থাক
বিষয় তিনি স্বীকার করেছেন।